নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাজ্জাসীর (গায়েবানা) জানাযার সালাত আদায় করেন। আমি দ্বিতীয় বা তৃতীয় কাতারে ছিলাম।

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাজ্জাসীর (গায়েবানা) জানাযার সালাত আদায় করেন। আমি দ্বিতীয় বা তৃতীয় কাতারে ছিলাম।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা সংবাদ দিয়েছেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নাজ্জাসীর গায়েবানা জানাযার সালাত আদায় করেন। যারা সে সালাত আদায় করেছিলেন তিনি তাদের মধ্যে একজন ছিলেন; তবে তিনি স্মরণ করতে পারছিলেন না যে, তিনি কী দ্বিতীয় কাতারে ছিলেন না-কী তৃতীয় কাতারে।এটি জাবির রাদিয়াল্লাহু ‘আনহুর সন্দেহ; বর্ণনাকারীর সন্দেহ নয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4851